# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
ঢাকা-১০০০, বাংলাদেশ

*পরিচালক*

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/এফ-০৮/UGC Award-2017/ডিআর-75 (30) তারিখঃ-২৮/০২/২০১৮

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IAT, IICT, JIDPUS, CES, ARI
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ ***২০১৭ সালের জন্য "ইউজিসি এওয়ার্ড (UGC Award)" প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে আবেদনপত্র আহবান প্রসঙ্গে।***

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে প্রাপ্ত স্ব-ব্যাখ্যায়িত একখানাপত্র ও তদ্‌সংযুক্তিসমূহ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। এতদ্‌বিষয়ে কমিশনের প্রণীত নীতিমালা ও শর্তাবলীর আলোকে যোগ্য ও আগ্রহী প্রার্থীর মনোনয়ন নির্ধারিত আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে গবেষণা কর্মের প্রকাশিত প্রবন্ধের ৭ কপি এবং পুস্তকের জন্য ৫ কপি (প্রবন্ধ ৬ কপি এবং পুস্তকের জন্য ৪ কপি UGC'তে এবং ১ কপি রেজিস্ট্রার অফিসে রেকর্ডের জন্য) আবেদনকারীর জীবন বৃত্তান্তসহ আগামী ৩রা মার্চ, ২০১৮ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট অর্থাৎ রেজিস্ট্রার অফিসে প্রেরণের অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, UGC-Award সম্পর্কিত যাবতীয় তথ্যাদি, আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর অফিস অথবা **website: www.ugc.gov.bd** থেকে সংগ্রহ এবং প্রাপ্ত প্রস্তাবসমূহ আগামী ৫ই মার্চ, ২০১৮ তারিখের মধ্যে পত্রে বর্ণিত UGC'র পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন-বরাবর আবেদনপত্র পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. শেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডি এ ই আর এস

নং-ডিএইআরএস/CASR/এফ-০৮/UGC Award-2017/ডিআর-75(30)/2 তারিখঃ-২৮/০২/২০১৮

১। এপিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিষ্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

Aziz, Please circulate
3/3/18

CSE

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।

নথি নং- ৬ (১৫৮) বিমক/ রিসাপা/ ইউজিসি এওয়ার্ড- ২০১৭/ ১৫৩৫ তারিখ ঃ ০৫-০২-২০১৮ইং

রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

রেজিস্ট্রার অফিস গৃহীত 27 FEB 2018 বুয়েট, ঢাকা

বিষয় ঃ **UGC Award 2017 প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে আবেদনপত্র আহবান।**

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/ পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের UGC Award প্রদান করে আসছে। ২০১৭ সালে প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের UGC Award প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে জাতীয় দৈনিক পত্রিকায় ও ইউজিসি'র ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে।

UGC Award প্রদানের জন্য কমিশন প্রণীত নীতিমালা, বিজ্ঞপ্তি, সম্মতিপত্র ও আবেদনপত্রের ছক এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল (ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে)। সংযুক্ত বিজ্ঞাপনটি আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের মধ্যে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হ'ল।

সকল আবেদন আগামী ০৫-০৩-২০১৮ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭ ঠিকানায় পৌঁছাতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

০৫/০২/২০১৮
( জাফর আহম্মদ জাহাঙ্গীর)
অতিরিক্ত পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
ফোন ঃ ৮৮-০২-৯১২৭৪৪৫

নথি নং- ৬ (১৫৮) বিমক/ রিসাপা/ ইউজিসি এওয়ার্ড- ২০১৭/ তারিখ ঃ ০৫-০২-২০১৮ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

১-৫। ডীন, প্রকৌশল অনুষদ/ পুরকৌশল অনুষদ/ যন্ত্রকৌশল অনুষদ/ স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ/ তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬-৯। পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড ফ্লাড মেনেজমেন্ট/ ইনস্টিটিউট অব এ্যাপ্রোপিয়েট টেকনোলজি/ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ অ্যাকসিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
১১। সদস্য (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
১২। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
১৩-১৪। অফিস কপি/ মাস্টার কপি।

০৫/২/২০১৮
মোহাম্মদ হারুন মিয়া
প্রশাসনিক কর্মকর্তা
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

27 FEB 2018

পরিচালক, DAERS